

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ উল্লেখিত ফযীলত ঐ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে, যে আল্লাহর কাছে সাওয়াবের আশায় উক্ত আমল করবে;
লোক দেখানো, খ্যাতি লাভ বা কোন অধিকার আদায়ের জন্য যাবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْفَصْلِ إِنَّمَا يَكُونُ لِمَنْ فَعَلَ ذَلِكَ احْتِسَابًا لِلَّهِ لَا رِيَاءً وَلَا سُمْعَةً وَلَا قَضَاءً لَحِقٍ

আরবী

3069 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ خَلْفِ الْوَاسِطِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ الْأَزْرَقُ عَنْ عَوْفٍ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ حَدَّثَنَا إِسْحَاقُ الْأَزْرَقُ عَنْ عَوْفٍ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنِ اتَّبَعَ جَنَازَةَ مُسْلِمٍ إِيمَانًا وَاحْتِسَابًا حَتَّى يُصلِي عَلَيْهَا ثُمَّ يَعْدُدُ حَتَّى يُوضَعَ فِي قَبْرِهِ فَإِنَّهُ يَرْجِعُ وَلَهُ قِيرَاطَانِ مِنَ الْأَجْرِ وَهُمَا مِثْلُ أُحُدٍ وَمَنْ صلَّى عَلَيْهَا ثُمَّ رَجَعَ قَبْلَ أَنْ يُوضَعَ في القبر فله قيراط)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَهُمَا مِثْلُ أُحُدٍ يُرِيدُ بِهِ أَحَدَهُمَا.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3069 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩০৬৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি ঈমানসহ ও সাওয়াবের আশায় সালাত আদায় করা পর্যন্ত কোন মুসলিম ব্যক্তির জানাযার অনুসরণ করে। তারপর তাকে কবরে রাখা পর্যন্ত বসে থাকে, তবে সে দুই কীরাত সাওয়াব নিয়ে ফিরে আসে। দুই কীরাত উহুদ পাহাড় সমপরিমাণ। আর যে ব্যক্তি জানাযার সালাত আদায় করে তারপর মৃত ব্যক্তিকে কবরে রাখার আগেই ফিরে আসে, তবে তার জন্য এক কীরাত সাওয়াব।"[1]



আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "দুই কীরাত উহুদ পাহাড় সমপরিমাণ" এর দ্বারা উদ্দেশ্য হলো দুই কীরাতের একেক কীরাত উহুদ পাহাড় সমপরিমাণ।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৪৫; আবূ দাউদ: ৩১৬৯; সুনান বাইহাকী: ৩/৪১২-৪১৩; নাসাঈ: ৪/৭৭; সহীহুল বুখারী: ১৩২৩; আত তায়ালিসী: ২৫৮১; মুসনাদ আহমাদ: ২/৩৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন